

মুগাড়য়

প্রিন্ট: ২৫ আগস্ট ২০২৫, ০৯:৩৭ এএম

শেষ পাতা

রাকসুর মনোনয়নপত্র বিতরণ শুরু, প্রথমদিন নিলেন ৬ জন



রাবি প্রতিনিধি

প্রকাশ: ২৫ আগস্ট ২০২৫, ১২:০০ এএম
প্রিন্ট সংস্করণ

X

X



রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু), হল সংসদ ও সিনেট ছাত্র প্রতিনিধি নির্বাচন ২০২৫-এর মনোনয়নপত্র বিতরণ শুরু হয়েছে। রোববার সকাল ১০টা থেকে বিশ্ববিদ্যালয়ের রাকসুর কোষাধ্যক্ষের কার্যালয়ে ও সংশ্লিষ্ট হলগুলোতে রিটার্নিং কর্মকর্তারা মনোনয়নপত্র বিতরণ শুরু করেন। প্রথমদিন বিভিন্ন পদে প্রার্থী হতে ইচ্ছুক ৬ জন মনোনয়নপত্র সংগ্রহ করেছেন।
এদিন সন্ধ্যায় রাকসুর প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক এফ নজরুল ইসলাম সংবাদ সম্মেলনে
এ তথ্য জানান।

X

X

এদিন দুপুর ১২টার পর রাকসুর কোষাধ্যক্ষের কার্যালয় থেকে নির্বাচনে স্বতন্ত্র এজিএস (সহ-সাধারণ সম্পাদক) পদপ্রার্থী সজীব খান প্রথম মনোনয়ন উত্তোলন করেন। পরে বাংলা বিভাগের ২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী নিশা আত্তার এবারের নির্বাচনে নারীবিষয়ক সম্পাদক পদে মনোনয়ন তোলেন।

অধ্যাপক নজরুল ইসলাম বলেন, রাকসুর বিভিন্ন পদে মোট ৫ জন প্রার্থী মনোনয়ন ফরম উত্তোলন করেছেন। এছাড়া হল সংসদ নির্বাচনে খালেদা জিয়া হল থেকে একজন মনোনয়নপত্র সংগ্রহ করেছেন। নিরাপত্তা ইস্যুতে কমিটি গঠন ও শিক্ষার্থীদের ভোটার তালিকায় ছবি সংযুক্ত করার সিদ্ধান্ত হয়েছে। ভোটকেন্দ্র একাডেমিক ভবনে স্থানান্তর, ছাত্রদলের দুই মাস সময় চাওয়া এবং বিভিন্ন ছাত্র সংগঠনের বিভিন্ন দাবির প্রেক্ষিতে আমরা সবার সঙ্গে আলোচনায় বসব। তফশিল অনুযায়ী কাজগুলো সম্পন্ন হতে থাকবে। নির্বাচন পেছাবে কিনা সেটা আমরা এখন বলতে পারছি না।

নতুন তশসিল অনুযায়ী, ১৫ সেপ্টেম্বর নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনের মনোনয়নপত্র বিতরণ চলবে ১৬ আগস্ট বিকাল ৫টা পর্যন্ত। রাকসু ও সিনেটে ছাত্র প্রতিনিধি নির্বাচনের মনোনয়নপত্র বিতরণ করা হচ্ছে কাজী নজরুল ইসলাম মিলনায়তন ভবনের নিচতলায় রাকসুর কোষাধ্যক্ষের কার্যালয় থেকে। আর হল সংসদ নির্বাচনের মনোনয়নপত্র সংশ্লিষ্ট হলের প্রশাসনিক কার্যালয় থেকে বিতরণ করা হচ্ছে।

X

এর আগে পোষ্য কোটা পুনর্বহালসহ প্রাতিষ্ঠানিক বৈষম্য দূর করার দাবিতে রোববার সকাল ৯টা থেকে শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের কমবিরতির কারণে মনোনয়নপত্র বিতরণ শুরু হবে কিনা সংশয় সৃষ্টি হয়েছিল। দুপুর সোয়া ১টার দিকে শিক্ষক-কর্মকর্তারা তাদের দাবি মেনে না নিলে

লাগাতার কর্মসূচির ছাঁশিয়ারি দিয়ে কমবিরতি প্রত্যাহার করেন। মঙ্গলবার পুণ্ডিবস কমবিরতির কারণে মধ্যরাতে মনোনয়ন বিতরণ কার্যক্রম স্থগিত করা হয়েছিল।

প্রথম নারী হিসাবে মনোনয়নপত্র নিলেন নিশা : রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু) নির্বাচনে প্রথম নারী প্রার্থী হিসাবে মনোনয়নপত্র নিয়েছেন বাংলা বিভাগের ২০২০-২১ শিক্ষাবর্ষের মোছা. নিশা আত্মার। তিনি স্বতন্ত্র প্যানেল থেকে রাকসুর কেন্দ্রীয় সংসদে নারীবিষয়ক সম্পাদক পদে নির্বাচন করবেন। রোববার রাকসুর প্রধান রিটার্নিং কর্মকর্তা অধ্যাপক সেতাউর রহমানের কাছ থেকে তিনি মনোনয়নপত্র নেন।

মনোনয়নপত্র সংগ্রহের পর নিশা সাংবাদিকদের বলেন, নারী শিক্ষার্থীদের রাকসু নির্বাচনে আগ্রহী করার উদ্দেশ্যে আমি প্রথম মনোনয়নপত্র সংগ্রহ করেছি। আমার প্রত্যাশা-নিরাপদ ক্যাম্পাস গড়া, নারীর নিরাপত্তা নিশ্চিত করা, শিক্ষার্থীদের পূর্ণ আবাসিকতার সুযোগ সৃষ্টি, হলের ডাইনিংয়ের খাবারের মান উন্নয়ন এবং সাধারণ শিক্ষার্থীদের ন্যায্য আকাঙ্ক্ষা প্রশাসনের কাছে তুলে ধরা। তিনি বলেন, সুরু নির্বাচন হলে সাধারণ শিক্ষার্থীরা আমাকে নারী প্রার্থী হিসাবে ভোট দিয়ে নির্বাচিত করবেন।

নতুন তফসিল অনুযায়ী, রোববার মনোনয়নপত্র বিতরণ শুরু হয়েছে। চলবে কাল বিকাল ৫টা পর্যন্ত। রাকসু ও সিনেটে ছাত্র প্রতিনিধি নির্বাচনের মনোনয়নপত্র বিতরণ করা হচ্ছে কাজী নজরুল ইসলাম মিলনায়তন ^X ভবনের নিচতলায় রাকসুর কোষাধ্যক্ষের কার্যালয় থেকে। আর হল সংসদ নির্বাচনের জন্য মনোনয়নপত্র সংশ্লিষ্ট হলের প্রশাসনিক কার্যালয় থেকে বিতরণ করা হচ্ছে। তবে এদিন সকাল ৯টা থেকে শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের কমবিরতির কারণে সংশয়

দেখা দিয়েছিল। পরে সব সংশয় কাটিয়ে দুপুর ১২টার পর মনোনয়নপত্র বিতরণ শুরু হয়। দুপুর সোয়া ১টার দিকে শিক্ষক-কর্মকর্তারা দাবি মেনে না নিলে লাগাতার কর্মসূচির ছঁশিয়ারি দিয়ে কর্মবিরতি প্রত্যাহার করেন।

রাকসুর কোষাধ্যক্ষ ও প্রধান রিটার্নিং কর্মকর্তা মো. সেতাউর রহমান বলেন, শিক্ষার্থীরা ব্যাপক উৎসাহ-উদ্দীপনা নিয়ে মনোনয়নপত্র তুলছেন। সুষ্ঠুভাবে সব কার্যক্রম সম্পন্ন হচ্ছে।

X

X